ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.dip.gov.bd
(পাসপোর্ট শাখা)

স্মারক নং-৫৮.০১.০০০০.২০২.২২.০০১.২১-১৬২০

তারিখ : ০৫ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
২০ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

দেশে-বিদেশে পাসপোর্ট রি-ইস্যু সংক্রান্ত সংশোধনী আবেদনসমূহ নিষ্পত্তির বিষয়ে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পরিপত্র নং-৫৮.০০.০০০০.০৪৩.৩২.০০৭.১৭(অংশ).৬৩ তারিখঃ ২৮/০৪/২০২১ খ্রিঃ এর আলোকে ইতঃপূর্বে অত্র অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত SOP (স্মারক নং-৫৮.০১.০০০০.২০২.২২.০০১.২১-১৬৩১ তারিখঃ ২৮/১১/২০২১ খ্রিঃ) জারী করা হয়। বর্তমানে জারীকৃত পরিপত্র নং ৫৮.০০.০০০০.০৪৩.৩২.০০৭.১৭ (অংশ).১৫৮ তারিখঃ ১৩/১২/২০২২ খ্রিঃ মোতাবেক পূর্বের পরিপত্র বাতিল হওয়ায় Basic Checks Clearance/CRI মডিউলে অনিষ্পন্ন সংশোধনী আবেদনসমূহ নিষ্পত্তি করার লক্ষ্যে পূর্বে জারিকৃত এতদসংক্রান্ত সকল SOP বাতিলপূর্বক নিম্নরূপ Standard Operating Procedure (SOP) হালনাগাদ করা হলঃ-

<table>
<tr><th>ক্র. নং</th><th>বিষয়</th><th>দেশের অভ্যন্তরে পাসপোর্ট আবেদন প্রক্রিয়াকরণ ও অনুমোদনকারী (Manual Review/Justification) কর্মকর্তার করণীয়</th><th>বাংলাদেশ মিশনসমূহের ক্ষেত্রে পাসপোর্ট আবেদন প্রক্রিয়াকরণ ও অনুমোদনকারী (Manual Review/Justification) কর্মকর্তার করণীয়</th><th>Basic Checks Clearance/CRI এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার করণীয়</th></tr>
<tr><td>(ক)</td><td>সর্বশেষ পাসপোর্টে উল্লিখিত নিজ/ পিতা/ মাতার নামের উচ্চারণগত পরিবর্তন না হলে শুধু বানান সংশোধনপূর্বক পাসপোর্ট ইস্যুর ক্ষেত্রে</td><td>আবেদনকারীর চাহিত নিজ/পিতা/মাতার নামের বানান সংশোধনের কারণে যদি উচ্চারণগত পরিবর্তন না হয়, সেক্ষেত্রে চাহিত সংশোধনে প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে (১৮ বছরের উর্ধ্বে) জাতীয় পরিচয় পত্র (NID) ও NID Verified copy এবং অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে (১৮ বছরের নিম্নে) জন্ম সনদ (Online BRC) গ্রহণ করতে হবে।<br>প্রয়োজনে জেএসসি /জেডিসি/ এসএসসি/ দাখিল/ কারিগরি/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও সমমান-এর যে কোন একটি সনদপত্র বিবেচনা করা যেতে পারে। (বাধ্যতামূলক নয়)<br>উক্ত প্রমাণকসমূহ, অঙ্গীকারনামা এবং কর্মকর্তা/কর্মচারী কর্তৃক সিল স্বাক্ষরপূর্বক যাচাইকৃত NID/BRC ও শিক্ষা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে আপলোড থাকা সাপেক্ষে পাসপোর্ট প্রক্রিয়াকরণ ও অনুমোদনকারী কর্মকর্তা আবেদনটি সরাসরি অনুমোদন করবেন।<br><br>উদাহরণ স্বরূপঃ<table><tr><td>AKTAR</td><td>AKTER/AKHTER/AKHTAR</td></tr><tr><td>NUR</td><td>NOOR</td></tr><tr><td>SIDDIQUE</td><td>SIDDIK</td></tr><tr><td>FARUK</td><td>FARUQ/PHARUK</td></tr><tr><td>KADER</td><td>QUADER</td></tr></table></td><td>আবেদনকারীর চাহিত নিজ/পিতা/মাতার নামের বানান সংশোধনের কারণে যদি উচ্চারণগত পরিবর্তন না হয়, সেক্ষেত্রে চাহিত সংশোধনে প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে (১৮ বছরের উর্ধ্বে) জাতীয় পরিচয় পত্র (NID) এবং অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে (১৮ বছরের নিম্নে) জন্ম সনদ (Online BRC) গ্রহণ করতে হবে।<br>প্রয়োজনে জেএসসি /জেডিসি/ এসএসসি/ দাখিল/ কারিগরি/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও সমমান-এর যে কোন একটি সনদপত্র বিবেচনা করা যেতে পারে। (বাধ্যতামূলক নয়)<br>উক্ত প্রমাণকসমূহ, অঙ্গীকারনামা এবং মূল NID/BRC ও শিক্ষা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) দেখে ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে আপলোড থাকা সাপেক্ষে পাসপোর্ট প্রক্রিয়াকরণ ও অনুমোদনকারী কর্মকর্তা আবেদনটি সরাসরি অনুমোদন করবেন।<br><br>উদাহরণ স্বরূপঃ<table><tr><td>AKTAR</td><td>AKTER/AKHTER/AKHTAR</td></tr><tr><td>NUR</td><td>NOOR</td></tr><tr><td>SIDDIQUE</td><td>SIDDIK</td></tr><tr><td>FARUK</td><td>FARUQ/PHARUK</td></tr><tr><td>KADER</td><td>QUADER</td></tr></table></td><td>Basic Checks Clearance /CRI এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বর্ণিত প্রমাণকসমূহ ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে Upload দেখা ও তা verify করে নিশ্চিতপূর্বক অনুমোদন করে পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করবেন।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| (খ) | নিজ/পিতা/মাতার নামে MOHAMMAD/MOHAMMED/MD/MOHD /MOSAMMAD/MST/ MOST/ MISS/SREE/ SREEMOTI/ SREEMAN/MR/MRS এর সংযোজন বা বিয়োজনের ক্ষেত্রে | আবেদনকারীর চাহিদা মোতাবেক শুধু নিজ/পিতা/মাতার নামের ক্ষেত্রে MOHAMMAD হতে MD/MOHD কিংবা MD/MOHD হতে MOHAMMAD করা যাবে। একইভাবে, MOSAMMAD হতে MOST/MST কিংবা MST/MOST থেকে MOSAMMAD এছাড়াও এগুলোসহ SREE/SREEMOTI/SREMAN/MR/MRS ইত্যাদি সংযোজন-বিয়োজন করা যাবে।<br><br>এক্ষেত্রে প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে (১৮ বছরের উর্ধ্বে) জাতীয় পরিচয় পত্র (NID) ও NID Verified copy এবং অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে (১৮ বছরের নিম্নে) NID/BRC এর সাথে মিল থাকলে উক্ত প্রমাণকসমূহ, অঙ্গীকারনামা ও কর্মকর্তা/কর্মচারী কর্তৃক সিল স্বাক্ষরপূর্বক যাচাইকৃত NID Verified copy / BRC ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে আপলোড থাকা সাপেক্ষে পাসপোর্ট প্রক্রিয়াকরণ ও অনুমোদনকারী কর্মকর্তা আবেদনটি সরাসরি অনুমোদন করবেন। | আবেদনকারীর চাহিদা মোতাবেক শুধু নিজ/পিতা/মাতার নামের ক্ষেত্রে MOHAMMAD হতে MD/MOHD কিংবা MD/MOHD হতে MOHAMMAD করা যাবে। একইভাবে, MOSAMMAD হতে MOST/MST কিংবা MST/MOST থেকে MOSAMMAD এছাড়াও এগুলোসহ SREE/SREEMOTI/SREMAN/MR/MRS ইত্যাদি সংযোজন-বিয়োজন করা যাবে।<br><br>এক্ষেত্রে প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে (১৮ বছরের উর্ধ্বে) জাতীয় পরিচয় পত্র (NID) ও অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে (১৮ বছরের নিম্নে) NID/BRC এর সাথে মিল থাকলে উক্ত প্রমাণকসমূহ, অঙ্গীকারনামা ও NID/BRC ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে আপলোড থাকা সাপেক্ষে পাসপোর্ট প্রক্রিয়াকরণ ও অনুমোদনকারী কর্মকর্তা আবেদনটি সরাসরি অনুমোদন করবেন। | Basic Checks Clearance/CRI এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বর্ণিত প্রমাণক ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে Upload দেখা ও তা verify করে নিশ্চিতপূর্বক অনুমোদন করে পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করবেন। |
| (গ) | নামে পদবী/উপাধি/খেতাব /পরিচয় সূচক বা সম্মানসূচক শব্দ ব্যবহারের ক্ষেত্রে | নামে ব্যবহৃত উপাধি/ডিগ্রি/পেশা/পদবী/খেতাব/পরিচয়/সম্মানসূচক শব্দ যেমনঃ বীর মুক্তিযোদ্ধা (Bir Muktijoddha), Professor, Engineer, Journalist, Doctor, Major, Director, Advocate, Barrister, Alhaz, Mawlana, Hazi, Mr, Mrs, Miss, Phd, Psc, ndc, ppm, Late ইত্যাদি নামের অংশ হিসেবে গণ্য হয় না। তবে প্রাপ্তবয়স্ক আবেদনকারী (১৮ বছরের উর্ধ্ব) নাগরিকদের ক্ষেত্রে এবং অপ্রাপ্ত বয়স্ক আবেদনকারীদের পিতা-মাতার নামে এগুলো সংযুক্ত থাকলে তা আবেদনকারীর চাহিদা ও প্রয়োজন (যেমন-Emigrant, Visa, etc.) বিবেচনায় প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে এ ধরণের Prefix/Suffix জাতীয় পরিচয়পত্রে উল্লেখ থাকলে এবং অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে এ ধরনের Prefix/Suffix Online BRC এবং পিতা-মাতার জাতীয় পরিচয় পত্রে উল্লেখ থাকলে সংযোজন করা যেতে পারে।<br>কিন্তু উপর্যুক্ত প্রমাণক দাখিল সাপেক্ষে মাননীয় বিচারপতিগণের নামের পূর্বে বিচারপতি (justice) পদবী ব্যবহার করা যাবে।<br>উল্লিখিত উপাধি/ডিগ্রি/পেশা/পদবি/খেতাব/পরিচয় বা সম্মানসূচক শব্দ পরিবর্তনের ক্ষেত্রে উক্ত প্রমাণকসমূহ, অঙ্গীকারনামা ও কর্মকর্তা/কর্মচারী কর্তৃক সীল স্বাক্ষরপূর্বক যাচাইপূর্বক ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে আপলোড থাকা সাপেক্ষে পাসপোর্ট প্রক্রিয়াকরণ ও অনুমোদনকারী কর্মকর্তা আবেদনটি সরাসরি অনুমোদন করবেন। | নামে ব্যবহৃত উপাধি/ডিগ্রি/পেশা/পদবী/খেতাব/পরিচয়/সম্মানসূচক শব্দ যেমনঃ বীর মুক্তিযোদ্ধা (Bir Muktijoddha), Professor, Engineer, Journalist, Doctor, Major, Director, Advocate, Barrister, Alhaz, Mawlana, Hazi, Mr, Mrs, Miss, Phd, Psc, ndc, ppm, Late ইত্যাদি নামের অংশ হিসেবে গণ্য হয় না। তবে প্রাপ্তবয়স্ক আবেদনকারী (১৮ বছরের উর্ধ্ব) নাগরিকদের ক্ষেত্রে এবং অপ্রাপ্ত বয়স্ক আবেদনকারীদের পিতা-মাতার নামে এগুলো সংযুক্ত থাকলে তা আবেদনকারীর চাহিদা ও প্রয়োজন (যেমন-Emigrant, Visa, etc.) বিবেচনায় প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে এ ধরণের Prefix/Suffix জাতীয় পরিচয়পত্রে উল্লেখ থাকলে এবং অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে এ ধরনের Prefix/Suffix Online BRC এবং পিতা-মাতার জাতীয় পরিচয় পত্রে উল্লেখ থাকলে সংযোজন করা যেতে পারে।<br><br>কিন্তু উপর্যুক্ত প্রমাণক দাখিল সাপেক্ষে মাননীয় বিচারপতিগণের নামের পূর্বে বিচারপতি (justice) পদবী ব্যবহার করা যাবে।<br>উল্লিখিত উপাধি/ডিগ্রি/পেশা/পদবি/খেতাব/পরিচয় বা সম্মানসূচক শব্দ পরিবর্তনের ক্ষেত্রে উক্ত প্রমাণকসমূহ, অঙ্গীকারনামা ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে আপলোড থাকা সাপেক্ষে পাসপোর্ট প্রক্রিয়াকরণ ও অনুমোদনকারী কর্মকর্তা আবেদনটি সরাসরি অনুমোদন করবেন। | Basic Checks Clearance/CRI এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট প্রমাণক ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে Upload দেখা ও তা verify করে নিশ্চিতপূর্বক অনুমোদন করে পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করবেন। |

mh@94

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| (ঘ) | নিজ/পিতা/মাতার নামের সংক্ষিপ্তরূপ থেকে পূর্ণাঙ্গরূপ অথবা পূর্ণাঙ্গরূপ থেকে সংক্ষিপ্তরূপে সংশোধনের ক্ষেত্রে | নামের সংক্ষিপ্ত রূপ থেকে পূর্ণাঙ্গ রূপ অথবা পূর্ণাঙ্গ রূপ থেকে সংক্ষিপ্ত রূপ এ পরিবর্তনের ক্ষেত্রে<br>যেমনঃ<br>(a) A K M ABDUL KARIM হতেABUL KALAM MOHAMMED ABDUL KARIM কিংবা<br>(b) ABUL KALAM MOHAMMED ABDUL KARIM হতে A K M ABDUL KARIM<br>এ জাতীয় চাহিত সংশোধনের ক্ষেত্রেঃ-<br>• প্রাপ্ত বয়স্ক (১৮ বছরের উর্ধ্ব)-দের জন্য জাতীয় পরিচয়পত্র (NID) গ্রহণ করতে হবে।<br>• অপ্রাপ্ত বয়স্ক (১৮ বছরের নিচে) আবেদনকারীর ক্ষেত্রে জন্ম সনদ (BRC) বিবেচনা করতে হবে; প্রয়োজনে জেএসসি/ জেডিসি/ এসএসসি/দাখিল/কারিগরি/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও সমমান-এর যে কোন একটি সনদপত্র বিবেচনা করা যেতে পারে।<br>উল্লিখিত প্রমাণকসমূহ, অঙ্গীকারনামা ও কর্মকর্তা/কর্মচারী কর্তৃক সিল স্বাক্ষরপূর্বক যাচাইকৃত NID Verified Copy ও শিক্ষা সনদ ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে আপলোড থাকা সাপেক্ষে পাসপোর্ট প্রক্রিয়াকরণ ও অনুমোদনকারী কর্মকর্তা আবেদনটি অনুমোদন করবেন। | নামের সংক্ষিপ্ত রূপ থেকে পূর্ণাঙ্গ রূপ অথবা পূর্ণাঙ্গ রূপ থেকে সংক্ষিপ্ত রূপ এ পরিবর্তনের ক্ষেত্রে<br>যেমনঃ<br>(a) A K M ABDUL KARIM হতেABUL KALAM MOHAMMED ABDUL KARIM কিংবা<br>(b) ABUL KALAM MOHAMMED ABDUL KARIM হতে A K M ABDUL KARIM<br>এ জাতীয় চাহিত সংশোধনের ক্ষেত্রেঃ-<br>• প্রাপ্ত বয়স্ক (১৮ বছরের উর্ধ্ব)-দের জন্য জাতীয় পরিচয়পত্র (NID) গ্রহণ করতে হবে।<br>• অপ্রাপ্ত বয়স্ক (১৮ বছরের নিচে) আবেদনকারীর ক্ষেত্রে জন্ম সনদ (BRC) বিবেচনা করতে হবে; প্রয়োজনে জেএসসি/ জেডিসি/ এসএসসি/দাখিল/কারিগরি/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও সমমান-এর যে কোন একটি সনদপত্র বিবেচনা করা যেতে পারে।<br>উল্লিখিত প্রমাণকসমূহ, অঙ্গীকারনামা ও NID, MRP/শিক্ষা সনদ ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে আপলোড থাকা সাপেক্ষে পাসপোর্ট প্রক্রিয়াকরণ ও অনুমোদনকারী কর্মকর্তা আবেদনটি অনুমোদন করবেন। | Basic Checks Clearance/ CRI এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট প্রমাণকসমূহ ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে Upload দেখা ও তা verify করে নিশ্চিতপূর্বক অনুমোদন করে পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করবেন। |
| (ঙ) | নিজ/পিতা/মাতার নামের সম্পূর্ণ বা আংশিক পরিবর্তনের ক্ষেত্রে | আবেদনকারীর নিজ/পিতা/মাতার নামের সম্পূর্ণ বা আংশিক পরিবর্তন এর ক্ষেত্রে যেমন:<br>RAFIQUL ISLAM হতে SHAFIQUL ISLAM (সম্পূর্ণ পরিবর্তন)<br>RAFIQUL ISLAM হতে RAFIQUL HAQUE (আংশিক পরিবর্তন)<br>এ জাতীয় চাহিত পরিবর্তনের ক্ষেত্রে<br>• প্রাপ্ত বয়স্ক (১৮ বছরের উর্ধ্ব)-দের জন্য জাতীয় পরিচয়পত্র (NID) ও NID Verified Copy গ্রহণ করতে হবে।<br>• অপ্রাপ্ত বয়স্ক (১৮ বছরের নিচে) আবেদনকারীর ক্ষেত্রে জন্ম সনদ (BRC) বিবেচনা করতে হবে; প্রয়োজনে জেএসসি/জেডিসি/ এসএসসি/দাখিল/ কারিগরি/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও সমমান-এর যে কোন একটি সনদপত্র বিবেচনা করা যেতে পারে।<br>উল্লিখিত প্রমাণকসমূহ, অঙ্গীকারনামা ও কর্মকর্তা/কর্মচারী কর্তৃক সিল স্বাক্ষরপূর্বক যাচাইকৃত NID Verified Copy ও শিক্ষা সনদ (অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে) ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে আপলোড থাকা সাপেক্ষে পাসপোর্ট প্রক্রিয়াকরণ ও | আবেদনকারীর নিজ/পিতা/মাতার নামের সম্পূর্ণ বা আংশিক পরিবর্তন এর ক্ষেত্রে যেমন:<br>RAFIQUL ISLAM হতে SHAFIQUL ISLAM (সম্পূর্ণ পরিবর্তন)<br>RAFIQUL ISLAM হতে RAFIQUL HAQUE (আংশিক পরিবর্তন)<br>এ জাতীয় চাহিত পরিবর্তনের ক্ষেত্রে<br>• প্রাপ্ত বয়স্ক (১৮ বছরের উর্ধ্ব)-দের জন্য জাতীয় পরিচয়পত্র (NID) গ্রহণ করতে হবে।<br>• অপ্রাপ্ত বয়স্ক (১৮ বছরের নিচে) আবেদনকারীর ক্ষেত্রে জন্ম সনদ (BRC) বিবেচনা করতে হবে; প্রয়োজনে জেএসসি/জেডিসি/ এসএসসি/দাখিল/ কারিগরি/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও সমমান-এর যে কোন একটি সনদপত্র বিবেচনা করা যেতে পারে।<br>উল্লিখিত প্রমাণকসমূহ, অঙ্গীকারনামা, NID ও শিক্ষা সনদ (অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে) ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে আপলোড থাকা সাপেক্ষে পাসপোর্ট প্রক্রিয়াকরণ ও অনুমোদনকারী কর্মকর্তা আবেদনটি অনুমোদন | Basic Checks Clearance/ CRI এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট প্রমাণক সমূহ ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে Upload দেখা ও তা verify করে নিশ্চিতপূর্বক অনুমোদন করে পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করবেন। |

mh@94

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনুমোদনকারী কর্মকর্তা আবেদনটি অনুমোদন করবেন। | করবেন। | |
| (চ) | Given Name/ Surname Rearrange করার ক্ষেত্রে | আবেদনকারীর চাহিদা অনুযায়ী নামের Rearrange করা যাবে। যেমন- ABDUR RAHIM এর ক্ষেত্রে Given Name ABDUR এবং Surname RAHIM পুনর্বিন্যাসপূর্বক Given Name RAHIM এবং Surname ABDUR করতে পারবেন। এ ক্ষেত্রে প্রমাণক হিসেবে প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে NID এবং অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে BRC এর পূর্ণ নামের সাথে মিল থাকতে হবে।<br>উক্ত প্রমাণকসমূহ, অঙ্গীকারনামা ও কর্মকর্তা/ কর্মচারী কর্তৃক সিল স্বাক্ষরপূর্বক যাচাইকৃত NID Verified Copy ডকুমেন্ট স্ক্যানিং মডিউল এ আপলোড থাকা সাপেক্ষে পাসপোর্ট প্রক্রিয়াকরণ ও অনুমোদনকারী কর্মকর্তা আবেদনটি অনুমোদন করবেন। | আবেদনকারীর চাহিদা অনুযায়ী নামের Rearrange করা যাবে। যেমন- ABDUR RAHIM এর ক্ষেত্রে Given Name ABDUR এবং Surname RAHIM পুনর্বিন্যাসপূর্বক Given Name RAHIM এবং Surname ABDUR করতে পারবেন। এ ক্ষেত্রে প্রমাণক হিসেবে প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে NID এবং অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে BRC এর পূর্ণ নামের সাথে মিল থাকতে হবে।<br>উক্ত প্রমাণকসমূহ, অঙ্গীকারনামা ও NID/ BRC (অপ্রাপ্ত বয়স্ক), MRP ডকুমেন্ট স্ক্যানিং মডিউল এ আপলোড থাকা সাপেক্ষে পাসপোর্ট প্রক্রিয়াকরণ ও অনুমোদনকারী কর্মকর্তা আবেদনটি অনুমোদন করবেন। | Basic Checks Clearance/ CRI এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট প্রমাণক ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে Upload দেখা ও তা verify করে নিশ্চিতপূর্বক অনুমোদন করে পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করবেন। |
| (ছ) | বয়স বা জন্ম তারিখ সংশোধন | • এ জাতীয় চাহিত সংশোধনের ক্ষেত্রে-<br>• পূর্বের পাসপোর্টের প্রদত্ত বয়স অনুসারে প্রাপ্ত বয়স্ক (১৮ বছরের উর্ধ্বে) নাগরিকদের জন্য জাতীয় পরিচয়পত্র গ্রহণ করতে হবে।<br>• অপ্রাপ্ত বয়স্ক (১৮ বছরের নিচে) আবেদনকারীর ক্ষেত্রে জন্ম সনদ (BRC) বিবেচনা করতে হবে; প্রয়োজনে জেএসসি/ জেডিসি/এসএসসি/দাখিল/ কারিগরি/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও সমমান এর যে কোন একটি সনদপত্র বিবেচনা করা যেতে পারে।<br>• উল্লিখিত প্রমাণকসমূহ ও অঙ্গীকারনামা ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে আপলোড থাকা ও যাচাই সাপেক্ষে পাসপোর্ট প্রক্রিয়াকরণ ও অনুমোদনকারী কর্মকর্তা আবেদনটি অনুমোদন করবেন। | • এ জাতীয় চাহিত সংশোধনের ক্ষেত্রে-<br>• পূর্বের পাসপোর্টের প্রদত্ত বয়স অনুসারে প্রাপ্ত বয়স্ক (১৮ বছরের উর্ধ্বে) নাগরিকদের জন্য জাতীয় পরিচয়পত্র গ্রহণ করতে হবে।<br>• অপ্রাপ্ত বয়স্ক (১৮ বছরের নিচে) আবেদনকারীর ক্ষেত্রে জন্ম সনদ (BRC) বিবেচনা করতে হবে; প্রয়োজনে জেএসসি/ জেডিসি/এসএসসি/দাখিল/ কারিগরি/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও সমমান এর যে কোন একটি সনদপত্র বিবেচনা করা যেতে পারে।<br>• উল্লিখিত প্রমাণকসমূহ ও অঙ্গীকারনামা ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে আপলোড থাকা ও যাচাই সাপেক্ষে পাসপোর্ট প্রক্রিয়াকরণ ও অনুমোদনকারী কর্মকর্তা আবেদনটি অনুমোদন করবেন। | Basic Checks Clearance/ CRI এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট প্রমাণক সমূহ ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে Upload দেখা ও তা verify করে নিশ্চিতপূর্বক অনুমোদন করে পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করবেন। |
| (জ) | জন্মস্থান পরিবর্তনের ক্ষেত্রে | • জন্মস্থান পরিবর্তনের ক্ষেত্রে-<br>প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে জন্মস্থান উল্লেখ সম্বলিত আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের ভেরিফাইড কপি নিতে হবে।<br>অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে জন্মস্থান উল্লেখ সম্বলিত আবেদনকারীর অনলাইন ভেরিফাইড জন্ম নিবন্ধন সনদ নিতে হবে।<br>উক্ত প্রমাণকসমূহ ও কর্মর্কতা/কর্মচারী কর্তৃক সিল স্বাক্ষরপূর্বক যাচাইকৃত NID Verified Copy/অনলাইন জন্ম নিবন্ধন সনদ (BRC) ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে আপলোড থাকা সাপেক্ষে পাসপোর্ট প্রক্রিয়াকরণ ও ম্যানুয়াল রিভিউকারী কর্মকর্তা আবেদনটি অনুমোদন করবেন। | • জন্মস্থান পরিবর্তনের ক্ষেত্রে-<br>প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে জন্মস্থান উল্লেখ সম্বলিত আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের ভেরিফাইড কপি নিতে হবে।<br>অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে জন্মস্থান উল্লেখ সম্বলিত আবেদনকারীর অনলাইন ভেরিফাইড জন্ম নিবন্ধন সনদ নিতে হবে।<br>উক্ত প্রমাণকসমূহ ও NID/অনলাইন জন্ম নিবন্ধন সনদ (BRC) ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে আপলোড থাকা সাপেক্ষে পাসপোর্ট প্রক্রিয়াকরণ ও ম্যানুয়াল রিভিউকারী কর্মকর্তা আবেদনটি অনুমোদন করবেন। | Basic Checks Clearance/ CRI কর্মকর্তা সংশ্লিষ্ট প্রমাণক ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে Upload দেখা ও তা verify করে নিশ্চিতপূর্বক অনুমোদন করে পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করবেন। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | • বিদেশে জন্মস্থান হলে সংশ্লিষ্ট দূতাবাস/হাইকমিশন/কনস্যুলেট জেনারেল কর্তৃক ইস্যুকৃত জন্ম নিবন্ধন সনদ গ্রহণ ও অনুমোদনকারী কর্মকর্তা আবেদনটি অনুমোদন করবেন। | • বিদেশে জন্মস্থান হলে সংশ্লিষ্ট দূতাবাস/হাইকমিশন/কনস্যুলেট জেনারেল কর্তৃক ইস্যুকৃত জন্ম নিবন্ধন সনদ গ্রহণ ও অনুমোদনকারী কর্মকর্তা আবেদনটি অনুমোদন করবেন। | |
| (ঝ) | হারানো পাসপোর্ট (Lost Passport) এর ক্ষেত্রে | হারানো পাসপোর্টের ক্ষেত্রে:<br>• হারানো পাসপোর্টের নম্বর সম্বলিত GD গ্রহণ ও হারানো পাসপোর্টের তথ্যের বিপরীতে Lost Circular জারীপূর্বক স্ক্যানিং মডিউলে আপলোড থাকা সাপেক্ষে পাসপোর্ট প্রক্রিয়াকরণ ও ম্যানুয়াল রিভিউকারী কর্মকর্তা আবেদনটি অনুমোদন করবেন। | হারানো পাসপোর্টের ক্ষেত্রে:<br>• হারানো পাসপোর্টের নম্বর সম্বলিত GD গ্রহণ ও হারানো পাসপোর্টের তথ্যের বিপরীতে Lost Circular জারীপূর্বক স্ক্যানিং মডিউলে আপলোড থাকা সাপেক্ষে পাসপোর্ট প্রক্রিয়াকরণ ও ম্যানুয়াল রিভিউকারী কর্মকর্তা আবেদনটি অনুমোদন করবেন। | Basic Checks Clearance/ CRI এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বর্ণিত প্রমাণক সমূহ ডকুমেন্ট স্ক্যানিং মডিউলে Upload দেখা ও তা verify করে নিশ্চিতপূর্বক অনুমোদন করে পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করবেন। |

১। পাসপোর্ট প্রক্রিয়াকরণ ও অনুমোদনের দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন/কনস্যুলেট জেনারেল/ বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস/আঞ্চলিক পাসপোর্ট অফিসমূহের কর্মকর্তাগণ আবেদনকারীর নাম, বয়স, জন্মস্থান ও পিতা-মাতার নামসহ অন্যান্য তথ্যাদি এবং আবেদনের সাথে সংযুক্ত প্রমাণক সমূহের সঠিকতা যাচাইপূর্বক আবেদনপত্র গ্রহণ এবং উপর্যুক্ত নির্দেশনা সমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক আবেদন অনুমোদন করবেন।

২। Basic Checks Clearance Module/CRI এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নির্দেশনায় উল্লিখিত প্রমাণকসমূহ Document Scanning Module এ আপলোড থাকা সাপেক্ষে অনুমোদনপূর্বক পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করবেন।

৩। বাংলাদেশ মিশন সমূহের ক্ষেত্রে NID/BRC Verified Copy আপলোডের প্রয়োজন নাই। তবে যেকোন পরিবর্তনের ক্ষেত্রে অঙ্গীকারনামা অবশ্যই আপলোড থাকতে হবে।

**৪। পাসপোর্ট রি-ইস্যু আবেদনে পেশা, পাসপোর্ট টাইপ এবং স্পাউস এর নাম পরিবর্তন সংক্রান্ত বিষয় বিদ্যমান চেকলিস্ট অনুযায়ী RPO/DPVO/FM কার্যক্রম পরিচালনা করবে।**

<u>সুপারিশসমূহ:</u>

১। জন্ম সনদ দিয়ে তথ্য সংশোধনের ক্ষেত্রে একই ব্যক্তির অনুকূলে একাধিক জন্ম নিবন্ধন সনদ সক্রিয় থাকলে সঠিক জন্ম নিবন্ধন ব্যতিত বাকি জন্ম নিবন্ধনসমূহ বাতিল করার জন্য আবেদনকারীকে নির্দেশনা প্রদানপূর্বক রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন অধিদপ্তর বরাবর পত্র দিতে হবে। **তবে বিদেশস্থ মিশন সমূহের ক্ষেত্রে জন্মনিবন্ধন সনদ বাতিল কার্য সম্পাদন পর্যন্ত অপেক্ষা করার প্রয়োজন নেই।**

২। অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে, আবেদনকারী জন্মের পূর্বে পাসপোর্ট ইস্যু হয়েছে মর্মে পরিলক্ষিত হওয়া এরূপ আবেদন গ্রহণ/নিষ্পত্তি না করা।

২০.০৭.২০২৫

(মোঃ শাহাদাৎ হোসেন)
উপপরিচালক (পাসপোর্ট)
মহাপরিচালকের পক্ষে
ddpassport@passpot.gov.bd

mh@94

CamScanner

স্মারক নং-৫৮.০১.০০০০.২০২.২২.০০১.২১-১৬২০

তারিখ : ০৫ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
২০ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দ

বিতরণ (কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস,.....................(সকল)।
(দৃ. আ. প্রথম সচিব, পাসপোর্ট ও ভিসা উইং)

০২। কনসাল জেনারেল, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল.................(সকল)।
(দৃ. আ. প্রথম সচিব, পাসপোর্ট ও ভিসা উইং)

০৩। প্রকল্প পরিচালক, ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।

০৪। পরিচালক/উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, ........(সকল)।

০৫। উপপরিচালক/সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, ........(সকল)।

০৬। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (মাসব্য ও অর্থ/পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়গণের সদয় অবগতির জন্য)

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।[ দৃ.আ. যুগ্মসচিব, বহিরাগমন-৪]

২০.০৭.২০২৫

(মোঃ শাহাদাৎ হোসেন)
উপপরিচালক (পাসপোর্ট)
মহাপরিচালকের পক্ষে

mh@94

CamScanner